দৈনিক ইত্তেফাক

৬১

তারিখ AUG. 02 1999
পৃষ্ঠা ৫ কলাম ৬

# পলাশবাড়ী সিনিয়র মাদ্রাসায় ইংরেজীর প্রভাষক প্রয়োজন

আমরা গাইবান্ধা জেলার পলাশবাড়ী উপজেলাধীন পলাশবাড়ী সিনিয়র মাদ্রাসার আলিম প্রথমবর্ষের ছাত্র। বিগত কয়েক বৎসর যাবৎ আমাদের এই মাদ্রাসায় ইংরেজী বিভাগের প্রভাষক পদ খালি রহিয়াছে। এ ব্যাপারে অধ্যক্ষ মহোদয়ের নিকট দরখাস্ত দেওয়া ছাড়াও মৌখিকভাবে বলা হইয়াছে। উল্লেখ্য যে, মাদ্রাসার ম্যানেজিং কমিটি বরাবরে অভিযোগ করিয়াও কোন লাভ হয় নাই। এমতাবস্থায়, আমাদের লেখাপড়া নির্বিঘ্ন করিতে এখানে ইংরেজীর প্রভাষক যথাশীঘ্র সম্ভব নিয়োগের উদ্যোগ গ্রহণের জন্য সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

জনৈক ছাত্র।